

## যথাসময়ে পাঠ্যবই বিতরণ : শিক্ষামন্ত্রী

### ■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আগামী ১ জানুয়ারি পাঠ্যপুস্তক দিবসে যথাসময়েই সারাদেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে।

তিনি মঙ্গলবার রাজধানীর মতিঝিলে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) আয়োজিত এক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন।

নুরুল ইসলাম নাহিদ বলেন, বিনামূল্যে পাঠ্যপুস্তক ছাপা, বাধাই ও বিতরণের কাজ যথারীতি এগিয়ে চলেছে।

এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র পালের সভাপতিত্বে দুর্ভোগ ঝুঁকি হ্রাস এবং জলবায়ু পরিবর্তন সহনশীলতা সম্পর্কিত সচেতনতা সৃষ্টি বিষয়ক কর্মশালার উদ্বোধন উপলক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কম্প্রিহেনসিভ ডিজাষ্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম প্রকল্পের পরিচালক আবদুল কাইয়ুম। বিভিন্ন শ্রেণীর পাঠ্যপুস্তকে জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণ বিষয়ক অধ্যায়গুলোর ওপর দিনব্যাপী আলোচনায় অংশ নেন পাঠ্যক্রম বিশেষজ্ঞ, শিক্ষাবিদ, শিক্ষকসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা।

বিকালে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোতাক্কির রহমান ফিজার।